

# কালের কন্ঠ ০৯.০১.১৭

## পদ্মা সেতু প্রকল্পে জাজিরা সংযোগ সড়ক উদ্বোধন

মাদারীপুর ও শরীয়তপুর প্রতিনিধি ▷

পদ্মা সেতু প্রকল্পের জাজিরা প্রান্তে সংযোগ সড়কের উদ্বোধন হয়েছে। গতকাল রবিবার দুপুরে মাদারীপুরের শিবচরে সড়কের ফলক উদ্বোধন করেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। তিনি জানান, ২০১৮ সালের ডিসেম্বরে পদ্মা সেতু উদ্বোধন করা হবে।

জাজিরা প্রান্তে শিবচর-কাঁঠালবাড়ি সংযোগ সড়কের উদ্বোধন উপলক্ষে গতকাল এক সমাবেশের আয়োজন করা হয়েছিল। সেখানে উপস্থিত ছিলেন সংসদ সদস্য বি এম মোজাম্মেল হক, পদ্মা সেতু প্রকল্প পরিচালক শফিকুল ইসলাম, সেতুসচিব খোন্দকার আনোয়ারুল ইসলাম, প্রকল্প সমন্বয়ক মেজর জেনারেল মাসুদ সাহিদ, সংরক্ষিত সংসদ সদস্য রোকশানা ইয়াসমিন ছুটি, মাদারীপুর জেলা পরিষদের চেয়ারম্যান মো. মিয়াজউদ্দিন খান, মাদারীপুর জেলা প্রশাসক মো. কামাল উদ্দিন বিশ্বাস, শিবচর উপজেলা পরিষদের চেয়ারম্যান মো. রেজাউল করিম তালুকদার, শিবচর উপজেলা আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মো. সামসুদ্দিন খান প্রমুখ।

মন্ত্রী ওবায়দুল কাদের সমাবেশে বলেন, ২০১৮ সালের ডিসেম্বরে পদ্মা সেতু উদ্বোধন করা হবে। মানুষের দুর্ভোগ কমাতে আগেভাগেই সংযোগ সড়কের উদ্বোধন করা হয়েছে। মাওয়া সংযোগ সড়কের শতভাগ কাজ শেষ হয়েছে। সার্ভিস এরিয়ার ভৌত অবকাঠামোর কাজও সম্পূর্ণ শেষ হয়েছে। জাজিরা সংযোগ সড়কের ভৌতকাজ প্রায় ৮৫ শতাংশ শেষ হয়েছে। পদ্মা সেতুকে ঘিরে এ অঞ্চলে আন্তর্জাতিক মানের বিমানবন্দর, অলিম্পিক ভিলেজ নির্মাণসহ ব্যাপক উন্নয়ন কর্মসূচি নেওয়া হচ্ছে।